

এইচএসসি পরীক্ষা

সিলেট-৫ কেন্দ্রের ফলাফল

এখনও প্রকাশিত হয় নাই

সিলেট অফিস II কুমিল্লা
বোর্ডের এইচ, এস, সি পরীক্ষার
সিলেট-৫ কেন্দ্রের (মইন উদ্দিন
আদর্শ মহিলা কলেজ) অপ্রকাশিত
ফলাফল দীর্ঘ ১৭ দিন পরও
প্রকাশ না করায় পরীক্ষার্থী এবং
অভিভাবকবৃন্দগণ শিক্ষকমণ্ডলীর
উদ্বেগ-উৎকণ্ঠা বৃদ্ধি পাইয়াছে।
কলেজ-কর্তৃপক্ষ জানান, বোর্ড
কর্তৃপক্ষ ও বুয়েট কম্পিউটার
(৪র্থ পৃঃ দ্রঃ)

এইচ, এস, সি পরীক্ষা

৩য় পৃঃ পর)

সেকশনের—মহিত ব্যক্তিগত
ভাবে এবং চিঠিপত্রের মাধ্যমে
একাধিকবার যোগাযোগ করিয়া
এই কেন্দ্রের ফলাফল প্রকাশের
ব্যাপারে কোন সদুত্তর ও নিশ্চয়তা
পাওয়া যাইতেছে না। ইহার ফলে
উক্ত কেন্দ্রের ৬৯ জন পরীক্ষার্থীর
ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়ি-
য়াছে।